



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
ভোলা পলিটেকনিক ইন্সটিটিউট (৪০০২৯)  
বোরহানউদ্দিন, ভোলা- ৮৩২০।  
bhpi\_2005@yahoo.com, www.bhpi.gov.bd



স্মারক নং-৫৭.০৩.০৯২১.৩০০.৩২.০০৮.২২.১২২

তারিখ : ২৮/০১/২০২৩ খ্রি.

## ১ম পর্বে ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা ভোলা পলিটেকনিক ইন্সটিটিউটে ২০২২-২৩ শিক্ষাবর্ষে ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের ১ম পর্বে (১ম ও ২য় শিফট) ভর্তির জন্য নিশ্চয়নকৃত (বোর্ডের তালিকা মোতাবেক) সকল শিক্ষার্থীর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের স্মারক নং-৫৭.১৭.০০০০.২০১.০১৮.২৩.১৬, তারিখঃ ২৫/০১/২০২৩ খ্রি. মারফত জারীকৃত পত্রের নির্দেশনা মোতাবেক আগামী ২৯/০১/২০২৩ খ্রি. তারিখ রবিবার হতে ০৫/০২/২০২৩ খ্রি. তারিখ রবিবার পর্যন্ত প্রতিদিন সকাল ৯:০০ ঘটিকা হতে বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত প্রতিষ্ঠানের প্রশাসনিক ভবনের সম্মুখে নির্ধারিত স্থানে টেকনোলজি ভিত্তিক প্রতিষ্ঠানিক ভর্তি কার্যক্রম সম্পন্ন করা হবে। বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের নির্দেশনা মোতাবেক স্ব-শরীরে হাজির হয়ে সর্বমোট ৮০৫/- (আটশত পাঁচ) টাকা মোবাইল ব্যাংকিং (নগদ) এর মাধ্যমে জমা দিতে হবে।

উল্লেখ্য যে, টাকা জমা দেওয়ার সময় এস এস সি/সমমানের রোল নম্বর পেমেন্ট আইডি হিসেবে ব্যবহার করতে হবে।

## ভর্তির সময় যে সকল কাগজপত্রাদি জমা দিতে হবে

- ১। এস এস সি/সমমান পাসের মূল নম্বরপত্র ও ০১ (এক) কপি ফটোকপি।
- ২। এস এস সি/সমমান পাসের প্রশংসাপত্রের ০১ (এক) কপি ফটোকপি।
- ৩। শিক্ষার্থীর জন্ম নিবন্ধনের ০১ (এক) কপি ফটোকপি।
- ৪। শিক্ষার্থীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি ০৩ (তিন) কপি করে রস্টিন ছবি।
- ৫। শিক্ষার্থী জাতীয় পরিচয়পত্রের (NID) ০১(এক) কপি ফটোকপি (যদি থাকে)।
- ৬। শিক্ষার্থীর পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রের (NID) ০১(এক) কপি ফটোকপি।
- ৭। শিক্ষার্থীর পিতা ও মাতার সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০১(এক) কপি করে রস্টিন ছবি।
- ৮। শিক্ষার্থী কর্তৃক পূরণকৃত ভর্তি ফরম ০১ (এক) কপি।
- ৯। শিক্ষার্থী কর্তৃক পূরণকৃত উপবৃত্তি ফরম (SAF) ০১ (এক) কপি।
- ১০। কোঠায় ভর্তিকৃত শিক্ষার্থী কোটা সংক্রান্ত মূল কাগজপত্র প্রদর্শন করিয়া ০১ (এক) সেট ফটোকপি জমা দিতে হবে।

M. Arshad,

(মীর মঞ্জুর মোর্শেদ)

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

ভোলা পলিটেকনিক ইন্সটিটিউট

বোরহানউদ্দিন, ভোলা।

তারিখ : ২৮/০১/২০২৩ খ্রি.

স্মারক নং-৫৭.০৩.০৯২১.৩০০.৩২.০০৮.২২.১২২(১৪)

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১। পরিচালক (কারিকুলাম), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

২। পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, কারিগরি শিক্ষা অধিদপ্তর, বরিশাল।

৩। একাডেমিক ইনচার্জ, অত্র ইন্সটিটিউট।

৪-৮। বিভাগীয় প্রধান (সিভিল/কম্পিউটার/ইলেকট্রনিক্স/রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং/নন-টেক), অত্র ইন্সটিটিউট।

৯। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি, অত্র ইন্সটিটিউট। [ বিজ্ঞপ্তিটি-ওয়েব সাইটসহ অন্যান্য ভার্চুয়াল মাধ্যমে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১০-১২। রেজিস্ট্রার/হিসাব রক্ষক/কেয়ারটেকার, অত্র ইন্সটিটিউট।

১৩। নোটিশ বোর্ড, অত্র ইন্সটিটিউট।

১৪। সংরক্ষণ নথি।

(মীর মঞ্জুর মোর্শেদ)

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

ভোলা পলিটেকনিক ইন্সটিটিউট

বোরহানউদ্দিন, ভোলা।